তারিখ 10 MAR 2015
পৃষ্ঠা ২৪ কলাম ২

দৈনিক জনকণ্ঠ

# সিরাজগঞ্জের চরাঞ্চলে প্রাথমিক শিক্ষা চলছে জোড়াতালি দিয়ে

বাবু ইসলাম, সিরাজগঞ্জ ॥ সিরাজগঞ্জ জেলার ৫ উপজেলার ২২ ইউনিয়নের চরাঞ্চলের প্রাথমিক শিক্ষা কার্যক্রম মুখ থুবড়ে পড়েছে। জোড়াতালি দিয়ে লেখাপড়া চলছে। শিক্ষক সংকট, কর্মস্থলে অনপুস্থিতি, বিদ্যালয়ের অবকাঠামোগত সমস্যা ও প্রয়োজনীয় তদারকির অভাবে এ অবস্থার সৃষ্টি হয়েছে।

## স্কুলে শিক্ষক এক শিক্ষার্থী ২৪

ফলে শিক্ষার্থীদের সংখ্যা দিন দিন কমছে। মেয়ে শিশুরা প্রাথমিক স্তরেই ঝরে পড়ছে। বাড়ছে বাল্য বিবাহের প্রবণতা। তথ্যানুসন্ধানে জানা গেছে, কাজীপুর উপজেলার চরাঞ্চলের ৬টি ইউনিয়নসহ ১২টি ইউনিয়নে মোট ২৩৭টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এ সব বিদ্যালয়ে প্রায় ৪০ হাজার শিক্ষার্থী লেখাপড়া করছে। যমুনা নদীর পূর্বপারের চরাঞ্চলের ১২৫টি প্রাথমিক বিদ্যালয়ে প্রায় ১৫ হাজার শিক্ষার্থী রয়েছে। এ অঞ্চলের বিদ্যালয়ের মধ্যে ৬৭ জন প্রধানশিক্ষক এবং ১৪৮ জন সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে।

অনুসন্ধানে জানা গেছে, অধিকাংশ শিক্ষক পূর্বপাড় থেকে নৌকাযোগে বিদ্যালয়ে। যে কারণে বিদ্যালয়ে পৌছাতে ১১ থকে ১২টা পর্যন্ত বেজে যায়। কয়েকঘন্টা থাকার পর বাড়ি ফেরার জন্য দুপুর ২টার মধ্যে বিদ্যালয় ত্যাগ করে